গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর
সিনিয়র প্ল্যানার এর কার্যালয়
সিলেট সিটি কর্পোরেশন ভবন (৫ম তলা), তোপখানা, সিলেট

জরুরি

স্মারক নম্বর: ২৫.৪৫.৯১৬২.১০৩.১৪.০০১.২১.২০৫

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৯
০৮ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **প্রস্তাবিত খসড়া জাতীয় নগর নীতিমালা, ২০১৪ বিষয়ে মতামত/সুপারিশমালা প্রেরণ প্রসঙ্গে।**

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট কর্তৃক প্রস্তাবিত খসড়া জাতীয় নগর নীতিমালা, ২০১৪ বিষয়ে মতামত/সুপারিশমালা বিষয়ে প্রস্তুতকৃত মতামত/সুপারিশসমুহ পিডিএফ এবং ওয়ার্ড ফরম্যাটে সদয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

৮-৯-২০২২
জনাব শাহীন আহম্মেদ
সিনিয়র প্ল্যানার

পরিচালক (চলতি দায়িত্ব)
পরিচালক এর দপ্তর
নগর উন্নয়ন অধিদপ্তর

স্মারক নম্বর: ২৫.৪৫.৯১৬২.১০৩.১৪.০০১.২১.২০৫/১(৮)

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৯
০৮ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পণা), নগর উন্নয়ন অধিদপ্তর
২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
৩) সিনিয়র প্ল্যানার , সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট
৪) সিনিয়র প্ল্যানার, রিজিওনাল প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
৫) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর
৬) প্ল্যানার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর
৭) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর
৮) অফিস কপি

৮-৯-২০২২

জনাব শাহীন আহম্মেদ

সিনিয়র প্ল্যানার

<u>প্রস্তাবিত খসড়া জাতীয় নগর নীতিমালা, ২০১৪ বিষয়ে মতামত/সুপারিশমালাঃ</u>

১। নীতিমালায় উল্লেখিত/ব্যবহৃত পরিসংখ্যানগুলোর তথ্যসূত্র/রেফারেন্স নীতিমালাতে অ্যানেক্স হিসেবে সংযোজন করা প্রয়োজন।

২। সঠিক বানান চেক করতে হবে। যেমন: দোর গোঁরায়, সাধান ইত্যাদি।

৩। উৎপাদনশীলতার বিবেচনায় নগর হলো অপার সম্ভাবনার উৎস – কিভাবে? তার ব্যাখ্যা অন্তর্ভূক্ত করা প্রয়োজন (পৃষ্ঠা-১)।

৪। ভবিষ্যতে রূপকল্প এ একটি টার্গেট সাল স্থির করা দরকার (পৃষ্ঠা-১)।

৫। নীতিমালার উদ্দেশ্য ও লক্ষ্য এর ৩.১ এবং ৩.৫ এর বিকেন্দ্রীকরণ এর Redundancy দূর করতে হবে (পৃষ্ঠা-১)।

৬। ৩.৬ অংশটি Re-phrase করা দরকার (পৃষ্ঠা-১, ২)।

৭। নীতিমালার উদ্দেশ্য ও লক্ষ্য আলাদা করা দরকার (সেকশন-৩) (পৃষ্ঠা-১, ২)।

৮। নীতিমালায় ব্যবহৃত ইংরেজী শব্দগুলো বাংলাফন্টে আসার কারণে বোধগম্য নয়। উদাহরণ ৫.১.৪ (পৃষ্ঠা-৩), ৫.২.৩ (পৃষ্ঠা-৪), ৫.২.৪.৮.১ (পৃষ্ঠা-৫), ৫.৩.২ (পৃষ্ঠা-৫), ৫.১১.৩ (পৃষ্ঠা-১৫)।

৯। ৫.২.১ ক্ষমতা বিকেন্দ্রীকরণ এর ক্ষেত্রে প্রশাসনিক এবং আর্থিক উভয় ক্ষমতার বিকেন্দ্রীকরণ এর সুযোগ থাকতে হবে (পৃষ্ঠা-৪)।

১০। ৫.২.৪ সুশাসনের জন্য প্রাতিষ্ঠানিক সংস্কার এ কেবলমাত্র ঢাকা মহানগর এর কথা বলা হয়েছে। অন্যান্য মহানগরের কি হবে তা বলা নাই (পৃষ্ঠা-৪)।

১১। ৫.৩.৩ মাষ্টার প্ল্যান বা মহাপরিকল্পনা অংশে ভূমি ব্যবহার মহাপরিকল্পনা অন্তর্ভুক্ত করতে হবে (পৃষ্ঠা-৫)।

১২। শব্দের Redundancy দূর করতে হবে। উদাহরণ ৫.৪.২ (যুব......) [পৃষ্ঠা-৬]

১৩। ৫.৪.২ কারিগরি শিক্ষা Paragraph টি Review করতে হবে। সাধারণ দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণের উদাহরণগুলো বাস্তবভিত্তিক নয় (পৃষ্ঠা-৬)।

১৪। ৫.৫.৬ এর ভূমি ব্যবস্থাপনায় ডিজিটাল এবং GIS প্রযুক্তির আবশ্যিক প্রয়োগ লাইনটি ৫.৫.৭ তে প্রতিস্থাপিত করতে হবে (পৃষ্ঠা-৭)।

১৫। ৫.৮.৩ পরিবেশগত অবকাঠামো সমন্বিত ব্যবস্থা এর ভিতরের লেখা অসামঞ্জ্যতাপূর্ণ (পৃষ্ঠা-১১)।

১৬। ৫.১০.৪ আনুষ্ঠানিক খাতের পরিবহন সেবা অংশে অনানুষ্ঠানিক গণপরিবহন এর উদাহরণ সংযুক্ত করা প্রয়োজন (পৃষ্ঠা-১৩)।

১৭। ৫.১০.১১ অকৃষি কাজে কৃষি জমির ব্যবহার – অন্য কোন সেকশনে অন্তর্ভুক্ত করা যায় কি না তা দেখতে হবে। নগর পরিবহন ব্যবস্থাপনা সেকশন (৫.১০) এ এটা সামঞ্জস্যপূর্ণ নয় (পৃষ্ঠা-১৪)।

১৮। ৫.১১ জনস্বাস্থ্য ও শিক্ষা ব্যবস্থাপনা অংশে মহামারি এবং দুর্যোগকালে আক্রান্ত ব্যক্তিদের চিকিৎসার বিষয়টি অন্তর্ভূক্ত করতে হবে (পৃষ্ঠা-১৫)।

১৯। ৫.১৩.২ অংশে ৫.১৪.৩ সংখ্যাটি বাদ দিতে হবে (পৃষ্ঠা-১৬)।

২০। ৫.১৬.৪ Review করতে হবে (পৃষ্ঠা-১৭)।

২১। ৫.১৯ আইন শৃঙ্খল উন্নয়ন এর ক্ষেত্রে কমিউনিটি পুলিশিং অন্তর্ভুক্ত করতে হবে। পুলিশকে মহানগরীতে মেয়র এর অধীনস্থ করতে হবে (পৃষ্ঠা-১৭)।

২২। ৫.২০.৪ নগর, গ্রামীণ এবং আঞ্চলিক পরিকল্পনা আইন অংশটি Re-phrase করতে হবে। প্রস্তাবিত নগর ও অঞ্চল পরিকল্পনা আইন Enact করতে হবে বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে (পৃষ্ঠা-১৮)।

২৩। ৫.২২ ইনক্লুসিভ ধারণা প্রবর্তন এর ক্ষেত্রে ইনক্লুসিভ বলতে কি বোঝানো হচ্ছে তার ব্যাখ্যা অন্তর্ভূক্ত করা দরকার (পৃষ্ঠা-১৮)।

Shaheen Ahmed
08/09/2022

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার